



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

ফোন: মেয়র-০২৩৩৩৩৪৩১৬১৭, সচিব-০২৩৩৩৩৪৩৯২৭

www.khagracharipourashava.gov.bd



স্মারক নং- খাগপৌঃকাঃ/১৪৩০ বাঃইঃনঃ/৬১/২০২৩খিঃ/৭১১

তারিখ: ২১/০৫/২০২৩খিঃ

১৪৩০ বাংলা সনের ইজারা বিজ্ঞপ্তি (২য় আহ্বান)

এতদ্বারা খাগড়াছড়ি পৌরসভার নিয়ন্ত্রণাধীন নিম্নে উল্লিখিত ইজারা খাত সমূহ ১৪৩০ বাংলা সনের ০১ (এক) বছর সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে সিল মোহরকৃত খামে ২য় (দ্বিতীয়) আহ্বানে দরপত্র আহ্বান করা যাচ্ছে। ইজারার দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) প্রতিবার দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত ক্রয় করা যাবে। ১ম দফায় যে সকল ইজারা খাতের দর অনুমোদিত হবে ২য় দফায় ঐ খাতের দরপত্র বিক্রয় করা হবে না। অনুরূপভাবে ২য় দফায় যে সমস্ত খাতের দরপত্র অনুমোদিত হবে ৩য় দফায় ঐ সমস্ত খাতের দরপত্র বিক্রয় করা হবে না। এজন্য পৃথকভাবে পত্রিকায় কোন বিজ্ঞপ্তি প্রচার করা হবে না। ১ম দফায় ডাক গৃহীত না হলে প্রতিবারই নিম্ন স্বাক্ষরকারীর নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। দরপত্রের সাথে ডাকের ১০০% অর্থ অগ্রিম পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূলে মেয়র, খাগড়াছড়ি পৌরসভা এর নামে সংযুক্ত করতে হবে। প্রাপ্ত দরপত্র সমূহ নির্ধারিত তারিখে নির্ধারিত সময়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ক্রঃনং	ইজারা খাতের বিবরণ	সরকারী ডাক	সিডিউলের মূল্য	ইজারা সিডিউল বিক্রির স্থান ও ইজারা সিডিউল দাখিলের স্থান	ইজারা সিডিউল খোলার স্থান ও সময়	ইজারা সিডিউল দাখিলের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭
০১.	পৌরসভা সংলগ্ন গণ-শৌচাগার	১,৮৩,৭০০/-	১০০০/-	(ক) খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়। (খ) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি। (গ) পুলিশ সুপার খাগড়াছড়ি এর কার্যালয়।	খাগড়াছড়ি পৌরসভা কার্যালয় প্রতিবার দুপুর ২.০০ ঘটিকা।	১ম বার: ০৫/০৬/২০২৩খিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। ২য় বার: ১৩/০৬/২০২৩খিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত। ৩য় বার: ১৯/০৬/২০২৩খিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।
০২.	মিলনপুর ব্রীজ সংলগ্ন (ভাঙ্গব্রীজ এলাকা) গণ-শৌচাগার।	৬,৯৩০/-	৫০০/-	ঐ	ঐ	ঐ
০৩.	বটতলী বাজার গণ-শৌচাগার	১১,০০০/-	৫০০/-	ঐ	ঐ	ঐ
০৪.	নেঙ্গি বাজার গণ-শৌচাগার	১০,০০০/-	৫০০/-	ঐ	ঐ	ঐ

শর্তাবলী :

- ০১। দরপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না।
- ০২। ইজারা দরপত্রে উদ্ধৃত মূল্যের ১০০% অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে মেয়র, খাগড়াছড়ি পৌরসভার অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ০৩। ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫%(পনের) ভাগ অর্থ ভ্যাট ও ১০(দশ) ভাগ অর্থ আয়কর অগ্রিম পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে ইজারা দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ০৪। দরপত্রের সাথে দরদাতার হালনাগাদ ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।
- ০৫। দরপত্রের সাথে দরদাতার ০২ কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে।



খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা

ফোন: মেয়র-০২৩৩৩৩৪৩১৬১৭, সচিব-০২৩৩৩৩৪৩৯২৭

www.khagracharipourashava.gov.bd



- ০৬। দরপত্র দাতা কর্তৃক দরপত্রের সহিত অযৌক্তিক কোন শর্ত আরোপ করা যাবে না।
- ০৭। দরপত্র সংক্রান্ত বিষয় ও শর্তাবলী নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র বিক্রির শেষ দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জানা যাবে।
- ০৮। কোন প্রকার ঘষামাজা, অস্পষ্ট লেখা, কাটাছেড়া, অনুস্বাক্ষরবিহীন ও সিল গালাবিহীন দরপত্র গ্রহণ যোগ্য হবে না।
- ০৯। অকৃতকার্য দরপত্রের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ফেরত যোগ্য। তবে সর্বোচ্চ দরপত্র দাতা কোন ক্রমে ব্যর্থ হলে সে ক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে বিবেচনায় রাখা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(নির্মলেন্দু চৌধুরী)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৩। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৪। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৬। উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৭। সম্মানিত পৌর কাউন্সিলর.....নং ওয়ার্ড, সংরক্ষিত আসন ১/২/৩, খাগড়াছড়ি পৌরসভা।
- ৮। বিভাগীয় প্রধান(সকল), খাগড়াছড়ি পৌরসভা।
- ৯। জনাব/বেগম.....শাখা প্রধান, খাগড়াছড়ি পৌরসভা।
- ১০। সভাপতি/সম্পাদক, বাজার ব্যবসায়ী সমিতি, খাগড়াছড়ি বাজার, স্বনির্ভর বাজার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১১। নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পৌরসভা।
- ১২। জনাব/জনাবা.....প্রতিনিধি, দৈনিক অরণ্যবার্তা, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি পার্বত্য জেলা। আপনাকে আগামী ২৪/০৫/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে ৫x৩ আকারে ইজারা বিজ্ঞপ্তিটি একবার পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা(ভাঃ), বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হল।
- ১৪। অফিস কপি।